Magh 1, 1424 Bangla, January 14, 2018, Sunday No. 14, 48th year

H I G H L I G H T S

PM Sheikh Hasina while inaugurating 3-day International Bengali Literature Conference-1424 in capital urges all to stay alert as mother tongue is not lost under stress of civilization. (R. Today: 10)

3-day 1st phase of Biswa Ijtema, 2nd largest Muslim congregation after Hajj, will end today with Akheri Munajat. (R. Today: 8)

AL GS says, PM's speech is not about next election, directional speeches for next generation - asserts, there is no need for holding talks on election as the poll will be held in time under EC. (R. Today: 10)

BNP SG says, PM's speech has pushed country towards uncertainty - urges PM to shun her stubbornness & take steps for an acceptable election under neutral govt. through discussion with all stakeholders.(R. Today:10)

AL has started selling its nomination forms for upcoming DNCC by-poll slated for February 26 - in 1st day, 7 mayoral aspirants have collected nomination forms & the party will sell forms till tomorrow. (R. Today: 10)

Meanwhile, BNP starts selling nomination forms for mayoral by-polls to DNCC from today. (R. Today: 10)

Ferry services on key routes in Paturia-Daulatdia & Shimulia-Kathalbari remain suspended due to dense fog - several thousand passengers have been suffering badly on both sides of Padma. (R. Today: 9)

Malaysian immigration department has detained 172 Bangladeshi nationals claiming them as human trafficking & illegal immigrants. (R. Today: 10, VOA: 6)
Morocco says, it has begun 3rd & final phase of an operation to rescue hundreds of Moroccan migrants stranded in Libya. (BBC: 2)
Thousand anti-capitalist protesters have marched through centre of Swiss capital Barn in opposition to President Trump's planned visit to World Economic Forum in Davos later this month. (BBC: 2)

BBC

HAWAII GOVERNOR APOLOGISES FOR PANIC

The governor of Hawaii have apologised for the Panic caused by siren in a force alert which was sent out by accident warning of an imminent ballistic missile attack. The alert interrupted TV and Radio broadcast and appeared on residents' phone telling people to take shelter. The governor said, an employee had activated the alert by pressing the wrong button on a screen during a shift change. (BBC : 0600hrs. 14/01/18 Zoha/Nargis

POPE VISIT TO CHILE GOES AHEAD

The Chilean government says, Pope Francis will not be in danger during his forthcoming visit despite attacks on Friday on a number of Churches in Santiago. The Interior Minister said, small groups were involved with a limited capability for action.
(BBC : 0600hrs. 14/01/18 Zoha/Nargis

THOUSANDS OF PEOPLE MARCH IN BARN

About a thousand anti-capitalist protesters have marched through the centre of the Swiss capital Barn in opposition to President Trump's planned visit to the World Economic Forum in Davos later this month. Demonstrators carry banners with communist symbols and banners such as eliminate the rich and smash the World Economic Forum.
(BBC : 0600hrs. 14/01/18 Zoha/Nargis

AFGHANISTAN IMPORTS WHEAT FROM INDIA

Afghan officials say, the first consignment of more than two thousand tons of wheat from India shipped through Iran's port has arrived in the capital Kabul. The Cargo was transported by trucks from Iran. India is investing more than five hundred million dollars in developing the port to open up a new trading route via Iran to Afghanistan and central Asia. (BBC : 0600hrs. 14/01/18 Zoha/Nargis

CHLORINE ATTACK REPORTED IN SYRIAN REBEL HELD AREA

There reported to have been a Chlorine gas attack on a rebel held enclave that is besieged by government forces on the outskirts of Damascus. Health workers in the eastern Guta region said they had been treating people with bleeding problems. The UN says, eastern Guta's four hundred thousand people are facing a humanitarian catastrophe. (BBC : 2100 hrs. 13/01/18 Zoha/Nargis

RAMAPHOSA CALLS FOR CHANGE

Cyril Ramaphosa, the new leader of South Africa's governing African National congress has declared that the party has become deeply divided through factionalism and corruption. In his first major speech since his election Mr. Ramaphosa called for change of culture. He was elected to replace President Jacob Zuma as party head last month.
(BBC : 2100 hrs. 13/01/18 Zoha/Nargis)

TRUMP'S SUPPORTERS DISRUPT A CONFERENCE IN LONDON

Supporters of Donald Trump have disrupted a conference in London as it was about to be addressed by the city's mayor Sadik Khan. The demonstrators shouted their backing for the US president before being removed. (BBC : 2100 hrs. 13/01/18 Zoha/Nargis)

CZECH PRESIDENTIAL ELECTION GOES TO SECOND ROUND

More than half the votes counted in the first round of the Czech presidential election a second round run-off vote is looking likely. Correspondents say, the incumbent Milos Zeman appears to have done worse than expected on rural areas. The second round is scheduled for 26-27th January. (BBC : 2100 hrs. 13/01/18 Zoha/Nargis)

HUNDREDS OF MOROCCAN MIGRANTS STRANDED IN LIBYA

Morocco says it has begun the third and final phase of an operation to rescue hundreds of Moroccan migrants stranded in Libya. The government said once complete nearly eight hundred people would be back at home. The repatriation programme began last August. The migrants have been attempting to reach Europe but fell victim to human trafficking network. (BBC : 2100 hrs. 13/01/18 Zoha/Nargis)

ARMY IN CONGO LAUNCHES NEW OFFENSIVE

The army in the DR Congo has announced the start of new military offensive against the Ugandan Muslim rebel force and other militias active in the east of the country. Reports say several hundred soldiers have been moved to the town of Beni in North Kivu province while armored vehicles and other military hardware are already in place. Fourteen UN peacekeepers have been killed in the area last month.

(BBC : 2100 hrs. 13/01/18 Zoha/Nargis)

বাংলাদেশে আগামী জাতীয় নির্বাচনকালীন সরকার নিয়ে আলোচনা-সমালোচনা চলছেই

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল জাতীর উদ্দেশ্যে দেয়া ভাষণে বলেছেন, এ বছরের শেষের দিকে জাতীয় সংসদ নির্বাচন হবে এবং তার আগে নির্বাচনকালীন সরকার গঠিত হবে। সে সরকারের কাজ হবে নির্বাচন কমিশনকে নির্বাচন পরিচালনায় সাহায্য করা। বাংলাদেশে নির্বাচনকালীন সরকার নিয়ে বড় দুটি রাজনৈতিক দলের মধ্যে তীব্র মত পার্থক্য রয়েছে। বিএনপি চায় এমন একটি সরকার যারা রাজনৈতিক নিরপেক্ষতা বজায় রেখে সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করবে। প্রধানমন্ত্রী যে নির্বাচনকালীন সরকারের কথা বলছেন সেটার রূপ আসলে কি হবে। বিএনপি কি সেই ব্যবস্থা মেনে নির্বাচনে যাবে খোঁজ নিয়েছেন সাইয়েদা আক্তার।

বাংলাদেশে আগামী জাতীয় নির্বাচন নিয়ে জল্পনা-কল্পনার মধ্যে এই প্রথম প্রধানমন্ত্রীর তরফ থেকে সুস্পষ্ট কোন বক্তব্য এলো। টেলিভিশনে জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণে প্রধানমন্ত্রী গতকাল বলেছেন, ২০১৮ সালের শেষের দিকে আগামী জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে এবং নির্বাচনকালীন সরকার কেমন হবে তা নিয়েও বক্তব্য দেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী : কীভাবে নির্বাচন হবে তা আমাদের সংবিধানে স্পষ্ট করে বলা আছে। সংবিধান অনুযায়ী নির্বাচনের আগে নির্বাচনকালীন সরকার গঠিত হবে। সেই সরকার সর্বাত্মকভাবে নির্বাচন কমিশনকে নির্বাচন পরিচালনায় সহায়তা দিয়ে যাবে।

পরবর্তী জাতীয় নির্বাচন কীভাবে হবে এবং নির্বাচনকালীন সরকারের চেহারা কেমন হবে তা নিয়ে বিরোধী দল বিএনপি'র পক্ষ থেকে নানা রকমের দাবি তোলা হয়েছে। কিন্তু এতদিন পর্যন্ত সরকারের পক্ষ থেকে বলা হয়েছে বর্তমান সরকারের অধীনেই পরবর্তী জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। কিন্তু প্রধানমন্ত্রীর ভাষণের পর প্রশ্ন জাগে নির্বাচনকালীন সরকার বলতে প্রধানমন্ত্রী ঠিক কী বোঝাতে চেয়েছেন। জিজ্ঞেস করেছিলাম আওয়ামীলীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য এবং বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের কাছে।

মি. আহমেদ : নির্বাচনকালীন সরকার বলতে বর্তমান সরকারকেই বোঝায় কারণ নির্বাচনকালীন সময়ে যে সরকার হবে সেটা হবে অন্তবর্তীকালীন সরকার তারা দৈনন্দিন কাজ করবে। প্রধানমন্ত্রী বলেছেন, সংবিধান অনুযায়ী এই নির্বাচন অনুষ্ঠিত হবে। তার মানে আমরা যারা এখন সরকার রয়েছি তিনি এ ধরনের একটি সরকারের কথা বলেছেন। অন্য কিছু নয়। অন্য দল থেকে লোক নিয়ে সরকার গঠন করতে হবে ওটা উনি বলেননি।

কিন্তু সেক্ষেত্রে সরকারের আকৃতিতে কী কোন পরিবর্তন আসতে পারে কিংবা বর্তমান মন্ত্রিসভা কী ভেঙ্গে দেয়া হতে পারে এ প্রশ্নের উত্তরে মি. আহমেদ বলেন সে সম্ভাবনা নেই। কিন্তু সরকারের আকৃতিতে পরিবর্তন আসতে পারে।

মি. আহমেদ : এই কেবিনেট থাকবে হয়তো বড় ছোট হতে পারে কিন্তু নির্বাচনকালীন সরকার বলতে মিন করে যে সংবিধান অনুযায়ী যে সরকার ক্ষমতায় থাকে সে সরকারের অধীনেই সাধারণত নির্বাচন হয়ে থাকে। যেটা বিশ্বের বিভিন্ন দেশে হয়ে থাকে। ২০১৪ সালের ৫ই জানুয়ারির আগেও একটি সরকার গঠিত হয়েছিল নির্বাচনকালীন সময়ে সেরকম হতে পারে।

মি. আহমেদের কাছে আরও জানতে চেয়েছিলাম নির্বাচনকালীন সরকারে বিরোধী দলের কোন সদস্যকে অন্তর্ভুক্ত করা হতে পারে কিনা, সে সম্ভাবনা খারিজ করে দিয়েছেন তিনি। এদিকে নির্বাচনকালীন সরকার প্রশ্নে ক্ষমতাসীন আওয়ামী লীগের অবস্থানের প্রেক্ষাপটে বিএনপি কী সিদ্ধান্ত নেবে। আমি জানতে চেয়েছিলাম দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের কাছে। সরাসরি উত্তর এড়িয়ে তিনি জানিয়েছেন বিএনপি নির্বাচনকালীন এমন একটি সরকার চায় যারা নিরপেক্ষ এবং সুষ্ঠু নির্বাচনের নিশ্চয়তা দেবেন।

মি. ফখরুল : আমরা এখনও আশা করি সরকার তাদের অবস্থান পরিবর্তন করবেন এবং তারা সকল রাজনৈতিক দলগুলোর সাথে আলাপ-আলোচনা করে সংলাপ করে সকলের কাছে গ্রহণযোগ্য পথ বের করবেন।

আমরা বারবার আলোচনার কথা বলছি। আমরা নির্বাচনে যাব কী যাব না সে বিষয়ে পরিষ্কার সিদ্ধান্ত নেইনি। আমরা নির্বাচনে যেতে চাই। আমরা লেভেল প্লেইং ফিল্ড কিন্তু চাই। আমাকে সমান সুযোগ দিতে হবে। নির্বাচনের উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে। বিএনপি'র নেতৃত্বাধীন ২০ দলীয় জোট ২০১৪ সালের ৫ই জানুয়ারির নির্বাচন বর্জন করেছিল, তাদের দাবি অনুযায়ী একটি নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার গঠিত না হওয়ায়। জোটের আরেকটি বড় রাজনৈতিক দল জামায়াত ইসলামীর নিবন্ধন বাতিল হয়ে যাওয়ায় তারা নির্বাচনে অংশ নিতে পারবে না।

(বিবিসি:১৯:৩০ ঘ.১৩/০১/১৮আছাদ/আশরাফ)

সাপ্তাহিক ফোন ইন অনুষ্ঠান

প্রথম কলার : ইঞ্জিনিয়ার মোকাদ্দেস (শেরপুর): টানা নয় বছরের শাসন কালকে আওয়ামী লীগের শাসনকে আমরা পজিটিভ নেগেটিভ দুই ভাবেই বিবেচনা করতে পারি। বঙ্গবন্ধুর শাসনামলের ধারাবাহিকতায় আওয়ামী লীগ অনেকগুলো শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করেছে এই সরকার এসে। দাম বেশি হলেও কৃষিতে সারের সহজলভ্যতা এনেছেন। পাশাপাশি বেসরকারি স্কুলগুলোতে যে টাকার মাধ্যমে নিয়োগ ছিল সেটা বন্ধ করেছেন। তারা শিক্ষকদের একটা নূন্যতম কোয়ালিটিতে তারা নিয়োগ দিচ্ছেন এবং পাশাপাশি তারা আরও অনেক উন্নয়নমূলক কাজ করেছেন।

দ্বিতীয় কলার : মোঃ খুরশীদ আহমেদ (ফেনী): আমি বলতে চাচ্ছিলাম আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগের কথা বাদই দিলাম বললাম না নয় বছর শাসন ব্যবস্থায় দেশের যে আমূল একটা পরিবর্তন যেমন মনে করেন শিক্ষাখাতে আমূল পরিবর্তন। প্রতি বছরের জানুয়ারিতে চল্লিশ কোটি বই একই দিনে বিতরণ। প্রথমে জানুয়ারি সাত হাজার সাতশ' চৌয়াল্লিশ কিলোমিটার হাইওয়ে, ওভারব্রীজ, ফ্লাইওভার, পদ্মাসেতু নির্মাণ করা এবং দেশে এত প্রতিকূলতার পরেও আপনারা জানেন সেগুলো কাটিয়ে উঠতে না উঠতেই রোহিঙ্গা সমস্যা এইগুলোরও সুষ্ঠু সমাধান করেছে।

তৃতীয় কলার : পলক কুমার (খুলনা) : আমার কথা হচ্ছে যে আওয়ামী লীগ সরকার যে নয় বছর ধরে ক্ষমতায় আছেন তো তারা এই নয় বছরের ভেতরে অনেক যুগান্তরকারী পদক্ষেপ এবং কাজ তারা করেছেন। যেমন পদ্মা সেতু, রোহিঙ্গা সমস্যা যেভাবে বিষয়টা নিয়ে তারা হস্তক্ষেপ করলো এবং আন্তর্জাতিক মহলেও হস্তক্ষেপ করলো। এতে আমি মনেকরি যে আওয়ামী সরকার আসলেই খুবই যুগান্তকারী কাজ করেছেন। কিন্তু এর ভিতরেও আসলে দু'একটা কথা না বললেই নয় যে যেসব খারাপ কাজ তাদের এবং এসব আমার কাছে মনে হয়েছে। তো সেক্ষেত্রে প্রথম আমি দুইটা জিনিসকে বলতে চাই মূলতঃ একটা হচ্ছে আওয়ামী লীগ সরকারের আমলে আসলে দ্রব্যমূল্যের দাম এত বৃদ্ধি পেয়েছে যে সাধারণ মানুষ আমার মতো সাধারণ মানুষ আছে। তাদের ক্ষেত্রে আসলে এখন বর্তমান সময়ে চাল কিনে খাওয়া আসলে খুবই দুভার্গ্যজনক হয়ে যাচ্ছে। এখন আপনি যদি দেখেন যে চালের দাম ৭০ টাকা ৬০ টাকা কেজি তো সেক্ষেত্রে একজন সাধারণ মানুষ যে দিনমজুর তার ক্ষেত্রে আসলে খুবই টাফ হয়ে যাচ্ছে আসলে এই দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে এবং এছাড়াও আরও যেসব জিনিস আছে দ্রব্যমূল্য সেগুলোর দামও কিন্তু দিন দিন বাড়ছে। আর দুই নম্বর যে কথাটা সেটা হচ্ছে যে শিক্ষাঙ্গণে যে দুর্নীতি এবং প্রশ্ন ফাঁস তারপরে ছাত্রলীগ নিয়ে আওয়ামী লীগ সরকার আসলে খুবই চিন্তার ভিতরে আছে। এছাড়া আওয়ামী লীগ সরকার যেসব কাজগুলো করেছেন যেমন পদ্মাসেতু অবশ্যই আওয়ামী লীগ সরকারের একটা যুগান্তকারী পদক্ষেপ। তো সেক্ষেত্রে আওয়ামী লীগ সরকারকে অবশ্যই ধন্যবাদ দেওয়া যায়। কিন্তু সব সরকারেরই আসলে ভালো-মন্দ দুইটা দিকেই থাকে তো আওয়ামী লীগ সরকার ভালো-খারাপ মিলিয়েই নয় বছর তাদের অতিবাহিত হচ্ছে। তো আমার মনে হয় যে তাদের খারাপের পাল্লাটাই বেশি।

চতুর্থ কলার : মি. হাসান রায়হান (ঠাকুরগাঁও): বর্তমান বাংলাদেশে রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামী লীগ দীর্ঘ নয় বছর যে তাদের শাসন আমল তারা খুব সুন্দরভাবে পরিচালনা করেছে আমার মতে। তবে, কিছু কিছু জায়গায় বাংলাদেশ আওয়ামী লীগের ব্যর্থতা রয়েছে। সফলতাগুলোর মধ্যে একটি হলো বাংলাদেশের মধ্যে জঙ্গী বিরোধী যে পদক্ষেপগুলো নেওয়া হয়েছে বর্তমান সরকার খুব সফলভাবেই নিয়েছে। তারপর পদ্মাসেতুর স্বপ্ন বিগত সালে যারা নির্বাচিত হয়েছিল তারা স্বপ্নেও কল্পনা করতে পারেনি কিন্তু আওয়ামী লীগ সরকার সফলভাবে এটার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তারপর বাংলাদেশের শিক্ষাখাতে বাংলাদেশ সরকার খুব উন্নতি এবং উত্তরোত্তর যে উন্নতির ধারাবাহিকতা চালিয়ে যাচ্ছে তা আমাদের জন্য গর্বের বিষয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের যে আবাসিক স্থল দিয়েছে খাদ্য বিভিন্ন সময়ে সহযোগীতা করেছে এটা আমাদের জন্য একটা গুরুত্বপূর্ণ বিষয়। তবে বাংলাদেশ সরকারের যে সমস্যাগুলো রয়েছে যেগুলো সমালোচনার মুখে পরে যেমন বর্তমান সময়ে বিশিষ্ট ব্যক্তিদের গুম এবং ফিরে আসার পরেও তারা মুখ খুলছে না। তারপর নারী নির্যাতন বিশেষ করে যারা নেতা নেত্রী স্থানীয় পর্যায়ে রয়েছে তারা কিন্তু সহজেই ইনভলব হচ্ছে এই সমস্ত অপকর্মের। যেমন বগুড়ায় মা ও মেয়েকে ধর্ষণের পর মাথা ন্যাড়া করে দেওয়া হয়েছে এইগুলো আসলে আমাদের জাতির জন্য কলঙ্ক। তাছাড়া সাম্প্রদায়িক দাঙ্গা তারপর রির্জার্ভে চুরি এগুলো আসলে বাংলাদেশ সরকারের ব্যর্থতার মধ্যেই পরে। আমি আশা করি বাংলাদেশ সরকার এর পরের মেয়াদে যদি উত্তীর্ণ হয় এসব বিষয়ের প্রতি কঠোরভাবে দমন করলে বাংলাদেশ আরও উত্তরোত্তর সফল হবে।

পঞ্চম কলার : আলাউদ্দীন (ঢাকা): আমি বলতেছি যে আওয়ামী লীগের গত নয় বছরে আমি তাদের ব্যর্থতার দিকটাই বেশি দেখতেছি। তারা ক্ষমতায় আসার পর থেকে বিরোধী দলের ওপর হামলা-মামলা সারাদেশে খুন,রাহাজানি ব্যাংক লুট, বিদেশে রিজার্ভ চুরি এগুলো আওয়ামী লীগের ব্যর্থতা। অন্যান্য সফলতা যদিও তাদের আছে পদ্মাসেতু আমরা বলবো তাদের জন্য দেশের জন্য একটা উন্নয়ন।

বিবিসি: এবার আমাদের সাথে যুক্ত হচ্ছে লক্ষ্মীপুর থেকে ইয়াসির আরাফাত।

মি. আরাফাত : আমি মনে করি বর্তমান সরকারের নয় বছরে অর্জনের চেয়ে ব্যর্থতাই বেশি। তারা সেভাবে বিরোধী দলের উপর মামলা-হামলা, খুন খারাপি করছে। তার কোন সুষ্ঠ বিচার হচ্ছে না। বিচার বিভাগ সম্পূর্ণভাবে আওয়ামী লীগের নিয়ন্ত্রণে, তারা বিরোধী কোন মতকেই সহ্য করতে পারে না। আলাপ-আলোচনায় সকল পথ বন্ধ করে দিচ্ছে। সেটা গণতন্ত্রের জন্য মোটেই ভাল লক্ষণ নয়।

বিবিসি: আমাদের সাথে এরপরে পঞ্চগড় থেকে যোগ দিচ্ছেন ডালিম কুমার।

মি. কুমার : আমাদের বর্তমান সরকার দীর্ঘ নয় বছর দেশ শাসন করছে। কিন্তু তাদের ব্যর্থতার পাল্লাই ভারি। ব্যাংক লুট, সংখ্যালঘু নির্যাতন, ব্যাংক ডাকাতির মত বড় বড় ঘটনাগুলো এই নয় বছরের মধ্যেই হয়েছে। বর্তমান সরকারের আমলে দুর্নীতি সবচেয়ে বেশি হয়েছে। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৩/০১/১৮ কবির/আহাদ/আশরাফ)

তীব্র শীতে মানবেতর জীবন-যাপন করছে কক্সবাজারে উখিয়ায় বসবাসরত রোহিঙ্গারা

বাংলাদেশ জুড়েই বয়ে যাচ্ছে হালকা থেকে মাঝারী শৈত্য প্রবাহ। তীব্র শীত প্রভাব ফেলেছে মানুষের দৈনন্দিন জীবনেও। মিয়ানমার থেকে পালিয়ে এসে কক্সবাজারের শরণার্থী শিবিরে আশ্রয় নেয়া বিপুল সংখ্যক রোহিঙ্গাদের জীবন কেমন কাটছে এই তীব্র শীতে, বিশেষ করে যারা অল্প কিছুদিন এসেছেন তাদের আবাসন ব্যবস্থা তেমন মজবুত নয়। অনেকদিন ধরে রোহিঙ্গদের মধ্যে কাজ করছেন এরকম একটি স্থানীয় এনজিও সোসাইটি ফর হেলথ এক্সটেনশন এন্ড ডেভেলপমেন্টের প্রোগ্রাম কো-অর্ডিনেটর মোহাম্মদ শওকত আলীর কাছে সহকর্মী নাগিব বাহার জানতে চেয়েছিলন, শীতে রোহিঙ্গাদের দিন কেমন যাচ্ছে?

মি. আলী : শরণার্থী ক্যাম্পগুলোতে রোহিঙ্গারা খুব মানবেতর জীবন যাপন করছে। সরকারের নির্ধারিত তিন হাজার একর জায়গাতে যে মেগাক্যাম্প করা হয়েছে এবং সে মেগাক্যাম্পের বাইরেও টেকনাফ এবং উখিয়ার প্রত্যন্ত অঞ্চলে প্রচুর সেলেটমেন্ট তৈরী করে সেখানে তারা সববাস করছে। এখানে তারা যেভাবে থাকছে, যে শেল্টারগুলো তৈরী করছে সেগুলো প্লাস্টিক শিট এবং ত্রিপল দিয়ে তৈরী। যখন রাতে কুয়াশা পড়ে, তখন কুয়াশা ঘেমে বৃষ্টি হয়ে এদের ঘরগুলোতে পড়ে এবং মাটির নীচ থেকেও ঠাণ্ডা ওঠে। এটার কারণ একদম পাহাড়ী অঞ্চলে তাদের বসবাস। বেশকিছু ি এবং বেসরকারি সংস্থা সেখানে কাজ করছে। অনেকগুলো শীত বস্ত্র বিশেষ করে কম্বল বিতরণ করা হয়েছে। অনেকগুলো পরিবার তিন/চার/পাঁচটা করেও কম্বল পেয়েছে। কিন্তু এগুলো আসলে তাদের জন্য পর্যাপ্ত নয়। পর্যন্ত নয় এ কারণে বাড়িতে আমরা দেখেছি অনেকগুলো বাড়িতে ৭/৮ জন পর্যন্ত সদস্য রয়েছে এবং সেখানে যে কম্বলগুলো দেয়া হয়েছে এগুলো খুবই পাতলা টাইপের। ২০০/২৫০ এমনকি ১৫০ টাকা প্রাইজের কম্বলগুলো দেয়া হয়েছে। এগুলো দিয়ে বৃদ্ধ এবং শিশুদের শীত নিবারণ করা কিছুতেই সম্ভব না।

বিবিসি: শীতবস্ত্র এবং আবাসন এছাড়া আর কী কী ধরনের সহায়তা তাদের প্রয়োজন বলে মনে করছেন আপনারা?

মি. আলী : আসলে এখানে আমাদের সাথে কাজ করছে আন্তর্জাতিক অভিবাসন সংস্থা আইওএম এবং ইউএনএইচসিআর সেখানে কাজ করছে। এসব সংস্থার নেতৃত্বে অনেক সহায়তা এখানে দেওয়া হচ্ছে। ওয়াটার স্যানিটেশন, হেলথ, হাইজিন, নিউট্রেশন এবং ডব্লিউএফপি'র সহায়তায় ফুড এবং এনএফআই অনেকগুলো সহায়তা দেয়া হচ্ছে। কিন্তু এরপরেও আমরা অনুভব করছি এখানে আরও অনেকগুলো সহায়তা দরকার যেমন জ্বালানী সরবরাহ। এখানে একটা বড় সমস্যা হচ্ছে জ্বালানী সরবরাহ। এটা অত্যন্ত প্রয়োজন আর বিশেষ করে গর্ভবতী এবং দুগ্ধদানকারী মায়েদের জন্য সাহায্য, সহযোগিতা এবং সেবা বেশি দরকার। মেডিকেল সাপোর্ট এখানে আরও বাড়ানো দরকার, ওয়াটার স্যানিটেশন সাপোর্ট আরও বাড়ানো দরকার এবং বিশেষ করে এখানে যে কমিউনিটি লিডারগুলো আছে সেই কমিউনিটি লিডারগুলো যারা এখানে ম্যানেজমেন্টে কাজ করে তাদের ক্যাপাসিটি ডেভেলপমেন্ট করা দরকার এবং জেন্ডার ভায়োলেন্সগুলো যাতে না ঘটে সেগুলোর জন্য মানুষকে এওয়ারনেস করা এবং সে বিষয়ে কাজ করা দরকার। (বিবিসি: ০৬:৩০ ঘ. ১৪/০১/১৮ এলিনা/হেলাল)

২০১৪ সালের মত নির্বাচন সরকার ও বিরোধীদল কেউই চাইবে না: রিয়াজ উদ্দিন আহমেদ

বাংলাদেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার টিভি ভাষণে নির্বাচনকালীন সরকারের বিষয়ে যে কথা বলেছেন তার ব্যাখ্যায় আওয়ামী লীগের সিনিয়র নেতা তোফায়েল আহমেদ বলেছেন, সংবিধান অনুযায়ী বর্তমান সরকারই হবে নির্বাচনকালীন সরকার, আর সেখানে বিএনপি'র কোন জায়গা হবে না। এদিকে, বিএনপি চায় এমন একটি সরকার যারা রাজনৈতিক নিরপেক্ষতা বজায় রেখে সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করবে। শেখ হাসিনা বলেছেন, এ বছরের শেষেই নির্বাচন হবে কিন্তু এখনও দু'টি দল নির্বাচনকালীন সরকারের বিষয়ে একমত হতে পারেনি। এ নিয়ে ২০১৪ সালের মত একই রকম পরিস্থিতি কী তৈরি হচ্ছে। এ বিষয়ে এখন কথা বলব নিউজ টুডে'র সম্পাদক রিয়াজ উদ্দিন আহমেদের সাথে।

বিবিসি: আপনাকে ধন্যবাদ। আমাদের সাথে যোগ দেয়ার জন্য। শুরুতেই যেটি জানতে চাই যে পরিস্থিতি যেদিকে যাচ্ছে সেটি কী ২০১৪ সালের মত একই রকম অবস্থা তৈরি হতে যাচ্ছে?

মি.আহমেদ: আমরা ঐ রকম অবস্থার মধ্যেই আছি।২০১৪ সালে এরকম কথা বার্তাই বলেছিল কিন্তু ঐ সময়ে বিরোধী দলের একটি ভাল অবস্থা ছিল। তার মাঠে আন্দোলনে ছিল।এবার কিন্তু মাঠে কোন আন্দোলন নাই। কিন্তু কথাবার্তাগুলো একই রকম আছে। পার্থক্য হ'ল ২০১৪ সালে যে রকম একতরফা নির্বাচন হয়েছিল সে রকম হয়ত এবার হবে না। কারণ দু'পক্ষেরই একটি ইচ্ছা আছে। বর্তমান সরকারের ইচ্ছাটা হ'ল যে বারবার বিরোধী দলকে বাদ দিয়ে নির্বাচন করা, এটা তাদের জন্য সম্ভব হবে না এবং বিএনপি'র পক্ষেও নির্বাচন বর্জন করা আমার মনে হয় সম্ভব হবে না।

কারণ দল টিকিয়ে রাখতে হবে। দলের সবাই নির্বাচন চাচ্ছে। বিরোধী দলের জন্য সবচেয়ে ভাল যেটা যে একটি ফ্যাক্টর বিরোধী দলের পক্ষে আছে।

বিবিসি:কিন্তু বিএনপি এমন একটি সরকার চায় যারা রাজনৈতিক নিরপেক্ষতা বজায় রেখে একটি সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করবে। আর আওয়ামী লীগ নেতা তোফায়েল আহমেদ প্রধানমন্ত্রীর ভাষণকে ব্যাখ্যা করে বলেছেন যে সরকার বর্তমান আছে তার অধীনেই নির্বাচন হবে। তাহলে সবার অংশগ্রহণমূলক যে নির্বাচনের কথা বলা হচ্ছে সে সহায়ক পরিস্থিতি কি তৈরি হচ্ছে?

মি.আহমেদ: দেখুন,বিরোধী দলও জানে সরকার কী করতে চায়। কিন্তু তারা আন্দোলন এবং সরকারের উপর যতটা সম্ভব চাপ সৃষ্টি করবে। ২০১৪ সালেও এরকম একটি চাপ সৃষ্টি করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা খালেদা জিয়ার সাথে টেলিফোনে কথা বলেছিলেন। উনাকে আমন্ত্রণ জানিয়েছিলেন আলোচনার জন্য। কিন্তু এবার সে রকম পরিস্থিতি হবে কি না এখনই সেটা বলা যাচ্ছে না। হলে হতেও পারে কিন্তু নরমালি সরকার সংবিধানের কথা বলছে।

বিবিসি: ২০১৪ সালের নির্বাচনের আগে সরকার বিএনপিকে আলোচনার আহ্বান জানিয়েছিলেন কিন্তু এখন সে রকম চিন্তা-ভাবনা দেখা যাচ্ছে না সরকারের মধ্যে। এরকম মনোভাব কেন আওয়ামী লীগের পক্ষে?

মি. আহমেদ: এটা তারা করছে বিরোধীদলের কারণে। তারা ২০১৪ সালের নির্বাচনের আগে যে চাপ অনুভব করেছিল সরকারি দল মাঠের আন্দোলনের কারণে এবার কিন্তু সেরকম কোন চাপের মধ্যে নাই। তবে, চাপ যে আসবে না সেটা কিন্তু এখনই বলা যাচ্ছে না। এখনও নির্বাচনের এক বছর বাকি। এর মধ্যে অনেক পরিবর্তন হতে পারে। সরকার যে ১৫৪টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছিল এটা যে সরকারের জন্য একটি দুর্বলতা এটার অনুভূতি কিন্তু সরকারের মধ্যেও আছে। সেজন্য সামনে কী হবে এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না। (বিবিসি: ০৬৩০ ঘ.১৪/০১/১৮আছাদ/নারগীস)

ভয়েস অফ আমেরিকা

ধনী-গরীবের আয়ের বৈষম্য কমেনি: সিপিডি

বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বেড়ে চললেও ধনী এবং গরীবের মধ্যে আয়ের বৈষম্য কমেনি বলে সেন্টার ফর পলিসি ডায়ালগের বা সিপিডির ২০১৭-২০১৮ অর্থবছরের প্রথম অন্তর্বর্তীকালীন পর্যালোচনায় বলা হয়েছে। জহুরুল আলমের প্রতিবেদন:

শনিবার ঢাকায় এক সংবাদ সম্মেলনে গবেষণা প্রতিষ্ঠানটি বলেছে, প্রবৃদ্ধির গুণগত মানের অভাবে ধনী-গরীবের সম্পদ বৈষম্য আরো বেড়েছে এবং কমেছে দারিদ্র্য হ্রাসের হার। ২০১৭ সালকে দুর্বল অর্থনৈতিক ব্যবস্থাপনা এবং ব্যাংক খাতে কেলেঙ্কারীর বছর হিসেবে আখ্যায়িত করে সংস্থাটির পক্ষ থেকে অর্থনৈতিক ব্যবস্থাপনাকে রক্ষণশীল রাখার পরামর্শ দেয়া হয়েছে। সরকারি বেসরকারি অনেক ব্যাংকের আর্থিক অবস্থা এখনো নাজুক বলে উল্লেখ করে সিপিডি বলেছে, ব্যবস্থাপনায় মালিকদের অযাচিত হস্তক্ষেপ এবং সুশাসনের অভাবে বাড়ছে খেলাপি ঋণের হার। খাদ্য আমদানির কারণে এ বছর সরকারের বাড়তি সাতশ' থেকে এগারশ' কোটি টাকা লাগতে পারে এবং খাদ্য মূল্য নিয়ন্ত্রণে রাখতে এ খাতে বাজেট বাড়াতে হবে বলে মনে করছে সিপিডি। (ভোয়া: ২২০০ ঘ. ১৩-০১-১৮ জোহা/সজীব)

মালয়েশিয়ায় ১৭২ জন বাংলাদেশি অভিবাসী আটক

অবৈধ অভিবাসী তাড়াতে মালয়েশিয়া দফায় দফায় অভিযান চালাচ্ছে। সর্বশেষ অভিযানে একশ' বায়াত্তরজন বাংলাদেশীকে আটক করা হয়েছে। মতিউর রহমান চৌধুরীর রিপোর্ট :

মালয়েশিয়ার অভিবাসন বিভাগের মহাপরিচালক দাতো সেরি মুস্তফা এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন, আব্দুর রউফ নামে একজন বাংলাদেশিকে গ্রেফতার করা হয়েছে যিনি বাংলা নামে সমধিক পরিচিত। তার বিরুদ্ধে মানব পাচারের সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে। সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, পাচারকারীরা প্রথমে বিমানে করে ঢাকা থেকে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় নিয়ে আসে। সেখান থেকে মালাক্কাপ্রণালীর এক জায়গায় নিয়ে রাখা হয়। এরপর সুযোগ বুঝে মালয়েশিয়ায় ঢুকিয়ে দিয়ে তারা সটকে পড়ে। দাতো সেরি মুস্তফা জানান, তাদের কাছ থেকে আটচল্লিশটি পাসপোর্ট ও তের হাজার রিংগিত উদ্ধার করা হয়েছে। কুয়ালালামপুরের বাংলাদেশ দূতাবাসের লেবার কাউন্সিলর সাইদুল ইসলাম বলেন, ''বাংলাদেশিদের কথা বলা হচ্ছে তবে যাচাই-বাছাই করে বলব যে কতজন বাংলাদেশি আছে।'' উল্লেখ্য, রিহায়ারিং কর্মসূচির আওতায় পাচলাখের বেশি অবৈধ বাংলাদেশি বৈধতা পাবার জন্য চেষ্টা অব্যাহত রেখেছেন।

(ভোয়া: ২২০০ ঘ. ১৩-০১-১৮ জোহা/সজীব)

বাংলাদেশে নির্বাচনকালীন সরকার নিয়ে বিতর্ক চলছে

বাংলাদেশে নির্বাচনকালীন সরকার কেমন হবে তা নিয়ে বিতর্ক শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুক্রবার জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণে নির্বাচনকালীন সরকার গঠনের ঘোষণা দিয়েছেন। এরপরই বিরোধী রাজনীতিক এবং সংবিধান বিশেষজ্ঞরা নানা মতামত প্রকাশ করছেন। মতিউর রহমান চৌধুরীর রিপোর্ট :

কেউ কেউ বলছেন, সংবিধানে নির্বাচনকালীন সরকারের কোন ব্যাখ্যা নেই। অনেকে আবার ভিন্ন মত পোষণ করছেন। তারা বলছেন, '৭২ এর সংবিধানেই সংসদ ভেঙ্গে দিয়ে নির্বাচনকালীন সরকারের ফর্মুলা দেয়া আছে। সংবিধানের ৫৬ অনুচ্ছেদে এই ফর্মুলা এখনো বহাল। সংবিধান বিশেষজ্ঞদের কেউ কেউ মনে করেন, সরকার হয়ত সংসদ রেখেই নির্বাচন করার পরিকল্পনা করছে। তাই তারা সেদিকে আলো ফেলতে চায় না। সংবিধান প্রণেতারা আরো বলছেন, ওয়েস্ট মিনিস্টার মডেল গ্রহণের সময় সংসদ ভেঙ্গে দিয়ে নির্বাচন করার বিষয়টি চিন্তায় ছিল না। আর একারণেই নির্বাচনের আগে সংসদ ভেঙ্গে দেয়ার প্রসঙ্গ আসে। সাবেক আইনমন্ত্রী ও সংবিধান প্রণেতা ড. কামাল হোসেন মনে করেন, সরকার প্রধানের বক্তব্য স্পষ্ট নয়। যে সরকার আছে সেই সরকারই নির্বাচনকালীন সরকার নাকি ভিন্ন কিছু হবে এর ব্যাখ্যা দিতে হবে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমেদও মনে করেন, সংবিধানে নির্বাচনকালীন সরকারের কোন ব্যাখ্যা নেই। সংবিধান বিশেষজ্ঞ ড. শাহদীন মালিক অবশ্য বলছেন, প্রধানমন্ত্রীর বক্তব্যে সমঝোতার ক্ষীণ সম্ভাবনা দেখা যাচ্ছে। (স্বকণ্ঠে) ''এখানে একটা সমঝোতার ইঙ্গিত পাওয়া যাচ্ছে। নির্বাচনকালীন সরকার বলে সংবিধানে কিছু নাই। কিন্তু নির্বাচনকালীন একটা সমঝোতা সবাই চাচ্ছে। আমার মনে হয়, এ ব্যাপারে খুব ক্ষীণ হলেও প্রধানমন্ত্রীর কথায় তার একটা ইঙ্গিতবহ বলে ধরে নেয়া যেতে পারে এবং সেভাবে আলাপ-আলোচনার পথে এগিয়ে যাওয়া যেতে পারে''।

প্রধানমন্ত্রীর বক্তব্যের প্রেক্ষিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিএনপির তরফে বলা হয়, কিভাবে নির্বাচন অনুষ্ঠিত হবে তা আমাদের সংবিধানে সম্পূর্ণভাবে বলা আছে। সংবিধান অনুযায়ী নির্বাচনের আগে নির্বাচনকালীন সরকার গঠিত হবে। সেই সরকার সর্বোতভাবে নির্বাচন কমিশনকে নির্বাচন পরিচালনায় সহায়তা দিয়ে যাবে। বিএনপি আরো বলছে, বিদ্যমান সংবিধান অনুযায়ী যদি সংসদ বহাল রেখে দলীয় সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত হয় তাহলে সেই নির্বাচন অবাধ ও সুষ্ঠু হবে না। (ভোয়াঃ ২২০০ ঘ. ১৩-০১-১৮ জোহা/সজীব)

রেডিও জাপান

অভিবাসন নিয়ে মার্কিন প্রেসিডেন্টের মন্তব্যকে বর্ণবিদ্বেষী বলে অভিহিত করে জাতিসংঘের নিন্দা

জাতিসংঘের মানবাধিকার দপ্তর অভিবাসন নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের করা মন্তব্যকে বর্ণবিদ্বেষী অভিহিত করে এর নিন্দা জানিয়েছে। হোয়াইট হাউজের ওভাল অফিসে অভিবাসন নীতি বিষয়ক এক বৈঠকে মি. ট্রাম্প হাইতিসহ আফ্রিকান দেশগুলোর বিষয়ে অশ্লীল ভাষা ব্যবহার করেন বলে খবর প্রকাশের পর গতকাল জেনেভাভিত্তিক জাতিসংঘ দপ্তরটির প্রদত্ত এক বিজ্ঞপ্তিতে উক্ত মন্তব্য করা হয়। মার্কিন তথ্য মাধ্যম জানায় যে, বৈঠকে মি. ট্রাম্প উক্ত দেশগুলো থেকে যুক্তরাষ্ট্রের অভিবাসী গ্রহণের কারণ চানতে চান। জাতিসংঘের মুখপাত্র প্রেসিডেন্টের এই মন্তব্যের বিষয়ে নিশ্চিত হলে সেটিকে মর্মদায়ক এবং লজ্জাজনক বলে অভিহিত করে এটি ব্যাখ্যা করতে বর্ণবিদ্বেষী শব্দটি ব্যবহার করা ছাড়া কোন গত্যন্তর নেই বলে উল্লেখ করেন। জাতিসংঘের কর্মকর্তা এটি শুধুমাত্র অশ্লীল শব্দ ব্যবহারের বিষয়েই নয় বলে উল্লেখ করেন। তিনি বলেন যে, খবরে প্রকাশিত মন্তব্যটি গণহত্যা এবং সার্বজনীন মূল্যবোধের বিরোধী, যা প্রতিষ্ঠার জন্য সারা বিশ্ব দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে সংগ্রাম চালিয়ে আসছে। মার্কিন সংবাদ মাধ্যমের উদ্ধৃতি দিয়ে ইউরোপ ও মধ্যপ্রাচ্যের গণমধ্যমগুলো উক্ত মন্তব্যের সমালোচনা করছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ।

হাইতি ও আফ্রিকার দেশগুলোর বিষয়ে অপমানজনক মন্তব্য নিয়ে বিশ্বব্যাপী ক্ষোভ ও সমালোচনা করা হচ্ছে। গতকাল বতসোয়ানার সরকারের প্রদত্ত এক বিবৃতিতে মন্তব্যটিকে বর্ণবিদ্বেষী বলে উল্লেখ করে এর নিন্দা জানানো হয়। দেশটি এই মন্তব্যের ব্যাখ্যা চেয়ে দেশটিতে নিয়োজিত মার্কিন রাষ্ট্রদূতকে ডেকে পাঠায়। হাইতির সরকারের প্রদত্ত এক বিবৃতিতে গভীর দুঃখ ও ক্ষোভ প্রকাশ করা হয়। দেশটি এই মন্তব্যের মাধ্যমে হাইতির সমাজ এবং যুক্তরাষ্ট্রে তাদের অবদানের প্রতি পুরোপুরি ভ্রান্ত ও বর্ণবিদ্বেষী মনোভাবের প্রকাশ পায় বলে উল্লেখ করে। এল সালভাদরের সরকার এ বিষয়ে প্রতিবাদ জানিয়ে মার্কিন সরকারের কাছে একটি পত্র পাঠিয়েছে বলে জানায়। (রে. জাপানঃ ২১:০০ ঘ. ১৩/০১/১৮ এলিনা/হেলাল)

আকাশবাণী কোলকাতা

চার বিচারপতির বিতর্কিত সাংবাদিক সম্মেলন; রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত বলে অভিযোগ বিজেপি'র

কংগ্রেস সুপ্রিম কোর্টের চার প্রবীণ বিচারপতির বিতর্কিত সাংবাদিক সম্মেলন বিষয়টি রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহারের চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। এই বিষয়ে কংগ্রেসের মন্তব্যের পরিপ্রেক্ষিতে বিজেপির মুখপাত্র সমীর পাত্র বলেছেন, এটি সুপ্রিম কোর্টের অভ্যন্তরীণ বিষয় এবং এই ব্যাপারে কোন রাজনীতি করা উচিত নয়। কংগ্রেস জানিয়েছে, বিচারকদের পর্যবেক্ষণ অত্যন্ত উদ্বেগজনক এবং গণতন্ত্রের সুরক্ষা ও বিচার ব্যবস্থার স্বাধীনতা রক্ষায় এক সুদূরপ্রসারী প্রভাব পড়বে। দলের মুখপাত্র রণজিৎ সূর্যওয়ালা বিচারপতিদের উত্থাপিত বিষয়গুলো নিয়ে সুপ্রিম কোর্টের পূর্ণাঙ্গ কোর্টের হস্তক্ষেপ ও সমাধানের দাবি জানান। গতকাল সুপ্রিম কোর্টের চার প্রবীণ বিচারপতি জে. চেলামেশ্বর, রঞ্জন গগই, মদন লগুর ও কোরিয়ান জোপের নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে শীর্ষ আদালতের প্রশাসনিক ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। গত কয়েক মাসে সর্বোচ্চ আদালত প্রশাসনে কিছু অবাঞ্চিত ঘটনা ঘটেছে বলে তারা অভিযোগ করেন। তারা সংবাদ মাধ্যমের হাতে একটি

চিঠিও তুলে দেন। প্রধান বিচারপতিকে লেখা ঐ চিঠিতে কোন কারণ ছাড়াই প্রধান বিচারপতির কিছু বাছাই বেঞ্চকে নির্দিষ্ট কিছু মামলার দায়িত্ব দিচ্ছেন বলে চার বিচারপতি অভিযোগ করেছেন। (আকাশবাণী: ২০০৫ ঘ. ১৩-০১-১৮ কবির/সজীব)

রেডিও এবিসি

আইসিবি'র কর্মচারীরা ৯০ লাখ টাকা পর্যন্ত ঋণ সুবিধা পাবেন

জমি কেনা, বাড়ী তৈরী বা বাড়ী সংস্কারে জন্য সরকারের বিনিয়োগ সংস্থা আইসিবি'র কর্মচারীরা ৯০ লাখ টাকা পর্যন্ত ঋণ সুবিধা পাবেন। ঋণ পাওয়ার প্রধান শর্ত হচ্ছে আইসিবিতে স্থায়ী চাকুরী থাকতে হবে। অর্থাৎ যোগ দেয়ার পর অন্তত ৩ বছর পার হতে হবে। ঋণের বিপরীতে সুদ দিতে হবে ব্যাংক হারে। (রে. এবিসি: ১৫:০০ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

৪৯৪টি কাছিম উদ্ধার

ভারতে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়ার সময় খুলনার জিরো পয়েন্ট এলাকা থেকে ৪৯৪টি কাছিম উদ্ধার করা হয়েছে। শুক্রবার রাতে বন্য ও প্রাণ ব্যবস্থাপনা ও প্রকৃত সংরক্ষণ বিভাগ খুলনার অপরাধ নিয়ন্ত্রণ শাখা এসব কাছিম উদ্ধার করে।
(রে. এবিসি: ১৫:০০ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

১১ কেজি স্বর্ণসহ এক ব্যক্তি আটক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১১ কেজি স্বর্ণসহ এক ব্যাক্তিকে আটক করা হয়েছে। গোপন তথ্যের ভিত্তিতে শুল্ক গোয়েন্দারা কিংসো সিবতী নামের এক জাপানী নাগরিকের কাছ থেকে ঐ স্বর্ণ উদ্ধার করেন।
(রে. এবিসি: ১৫:০০ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

প্রধানমন্ত্রী জাতিকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন : মওদুদ

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মওদুদ আহমেদ বলেছেন, ভোটের আগে নির্বাচনকালীন সরকার গঠনের কথা বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। কেননা সংবিধানে নিরপেক্ষ সরকার বলে যেমন কিছু নেই তেমনি নির্বাচনকালীন সরকার বলেও কিছু নেই। জাতিকে বিভ্রান্ত করতে এটা বলা হচ্ছে। শনিবার জাতীয় প্রেসক্লাবে এক আলোচনা সভায় প্রধানমন্ত্রী প্রধান অতিথির বক্তব্যে সাবেক বিএনপি জামায়াত জোট সরকারের আইনমন্ত্রী মওদুদ আহমেদ একথা বলেন। (রে. এবিসি: ১৮:০০ ঘঃ ১৩/০১/১৮ কবির/ কোহিনূর)

২০১৭ সাল ব্যাংক কেলেঙ্কারীর বছর: সিপিডি

২০১৭ সালে দেশে ব্যাংক কেলেঙ্কারীর বছর হিসেবে চিহ্নিত হয়ে থাকবে বলে মনে করছেন বেসরকারী গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টচার্য। (রে. এবিসি: ১৮:০০ ঘঃ ১৩/০১/১৮ কবির/ কোহিনূর)

ভারতের তাবলীগ জামায়াতের মুরুব্বী ঢাকা ছেড়েছেন

ভারতের তাবলীগ জামায়াতের মুরুব্বী মাওলানা সাদ কান্দলোভি শনিবার ঢাকা ছেড়েছেন। দুপুর ১২টার দিকে তিনি ভারতের দিল্লীর উদ্দেশ্যে রওনা দেন। (রে. এবিসি: ১৮:০০ ঘঃ ১৩/০১/১৮ কবির/ কোহিনূর)

সন্ত্রাস দমন আইনে মামলা হচ্ছে

রাজধানীর পশ্চিম নাখাল পাড়ায় জঙ্গী আস্তানায় শুক্রবার র‍্যাবের অভিযানে জেএমবির তিন সদস্য নিহত হওয়ার ঘটনায় সন্ত্রাস দমন আইনে মামলা হচ্ছে। (রে. এবিসি: ১৮:০০ ঘঃ ১৩/০১/১৮ কবির/ কোহিনূর)

রেডিও টুডে

ইজতেমার দ্বিতীয় দিন পার করছেন আজ মুসল্লীরা

জিকির আজগার ও ইবাদত বন্দেগীর মধ্য দিয়ে টঙ্গীর তুরাগ তীরে তাবলীগ জামায়াতের ৫৩-তম বিশ্ব ইজতেমার প্রথম পর্বের দ্বিতীয় দিন পার করছেন দেশ-বিদেশের লাখ লাখ মুসল্লি। ভারতের মাওলানা সাদ কান্দোলভীকে নিয়ে বিতর্ক উঠায় তার ঢাকা ত্যাগের পর এবারের ইজতেমার আগামীকাল বাংলা ভাষায় আখেরী মোনাজাত পরিচালনা করবেন কাকরাইল মসজিদের মুরব্বী মাওলানা হাফেজ মোঃ জুবায়ের। এ দিকে এ পর্যন্ত মালয়েশিয়ান এক নাগরিকসহ ইজতেমায় আগত তিন মুসল্লির মৃত্যুর খবর পাওয়া গেছে। (রে. টুডে: ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

মনোনয়ন ফরম বিতরণ শুরু করেছে আওয়ামীলীগ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র পদে উপ-নির্বাচন উপলক্ষে সম্ভাব্য প্রার্থীদের মধ্যে মনোনয়ন ফরম বিতরণ শুরু করেছে আওয়ামীলীগ। রাজধানীর ধানমন্ডিতে আওয়ামীলীগ সভাপতির কার্যালয় থেকে নগদ ২৫০০০ টাকার বিনিময়ে ফরম নিচ্ছেন তারা। আজ এখন পর্যন্ত ব্যবসায়ী আদম তৌমিজী হক, রাসেল আশিকী নামে দুজন মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন বলে জানা গেছে। আগামী ১৫ই জানুয়ারি পর্যন্ত ফরম ক্রয় এবং জমা দিতে পারবেন মনোনয়ন প্রত্যাশীরা। আনিসুল হকের মৃত্যুতে শূন্য হওয়া ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র পদে আগামী ২৫ ফেব্রুয়ারি ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। আর এই জন্য মনোনায়পত্র জমা দেয়ার শেষ সময় ১৮ই জানুয়ারি। এদিকে, ঢাকা উত্তরে বিএনপি নেতৃত্বাধীন বিশ দলীয় জোটের মেয়র প্রার্থীকে হচ্ছেন তা জানা যেতে পারে আজকে। এই জন্য রাতে দলের স্থায়ী কমিটি বৈঠক ডেকেছেন বিএনপি চেয়ারপার্সন

বেগম খালেদা জিয়া। বিএনপি প্রধানের গুলশান কার্যালয়ে রাত সাড়ে ৮টায় বৈঠকটি শুরু হওয়ার কথা রয়েছে। বিশ দলীয় জোটের সব শেষ বৈঠকে বিএনপির পক্ষ থেকে গতবারের প্রার্থী তাবিদ আউয়াল আন্দালীব রহমান প্রার্থীকে মেয়র প্রার্থী মনোনয়ন দিতে সুপারিশ করেন বলে জানা গেছে। (রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

পৃথিবীর কোথাও নির্বাচনকালীন সহায়ক সরকার ব্যবস্থা নেইঃ বাণিজ্যমন্ত্রী

পৃথিবীর কোথাও নির্বাচনকালীন সহায়ক সরকার ব্যবস্থা নেই বলে জানিয়েছেন আওয়ামীলীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সকালে রাজধানীতে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।
(রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

যে দুর্নীতি হচ্ছে তার ফিরিস্তি প্রধানমন্ত্রী তার বক্তব্যে দেননিঃ মওদুদ আহমেদ

দেশে উন্নয়নের নামে যে দুর্নীতি হচ্ছে তার ফিরিস্তি প্রধানমন্ত্রী তার বক্তব্যে দেননি বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমেদ। দুপুরে জাতীয় প্রেসক্লাবে ডেমোক্রেটিক মুভমেন্ট আয়োজিত বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে হয়রানীমূলক মামলা এবং গণতন্ত্রের ভবিষ্যৎ শীর্ষক এক প্রতিবাদী আলোচনা সভায় তিনি এই কথা বলেন। এ সময় প্রধানমন্ত্রী এক তরফা বক্তব্য দিয়েছেন অভিযোগ করে নিরপেক্ষ নির্বাচনের রূপরেখা নিয়ে কোন বক্তব্য দিলে বিএনপি তা স্বাগত জানাতো বলেও মন্তব্য করেন বিএনপির এই জ্যেষ্ঠ নেতা। (রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

দুর্বল অর্থনৈতিক অবস্থা নিয়ে সরকার নির্বাচনের দিকে যাচ্ছেঃ সিপিডি

দুর্বল অর্থনৈতিক অবস্থা নিয়ে সরকার নির্বাচনের দিকে যাচ্ছে বলে জানিয়েছে সেন্টার ফর পলিসি ডায়ালগ সিপিডি। দেশের সামগ্রিক অর্থনীতি পরিস্থিতি নিয়ে রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানায় বেসরকারী এই সংস্থাটি। (রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

আবারও ট্রেন চলাচল শুরু

কুমিল্লার বালাছোয়া রেল ব্রীজের কাছে ট্রাকের সাথে ডেমো ট্রেনের সংঘর্ষে সকাল ১০টা থেকে চট্টগ্রামের সাথে ঢাকা ও সিলেটের রেল যোগাযোগ বন্ধ থাকার পর কিছুক্ষণ আগে আবারও ট্রেন চলাচল শুরু হয়েছে। আখাউড়া থেকে কুমিল্লা যাওয়ার পথে ঘন কুয়াশার কারণে ট্রাকের সাথে ধাক্কা খেয়ে ট্রেনের ইঞ্জিনটি লাইনচ্যুত হয়। এতে সামান্য আহত হয়েছেন ট্রেন চালকের সহকারী। (রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

মৃদু থেকে মাঝারী শৈত্য প্রবাহ অব্যাহত

তাপমাত্রা কিছুটা বাড়লেও রাজধানী ঢাকাসহ দেশজুড়ে মৃদু থেকে মাঝারী শৈত্য প্রবাহ অব্যাহত রয়েছে। হাসপাতালগুলোতে বাড়ছে শীত জনিত রোগীর সংখ্যা যাদের অধিকাংশ শিশু এবং বৃদ্ধ। ঢাকা আবহাওয়া অফিসের আবহাওয়াবিদ নিজুম রোকেয়া জানিয়েছেন, আজ দেশে সর্বনিম্ন ৭ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পঞ্চগড়ের তেতুলিয়া এবং যশোরে।
(রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

ঘন কুয়াশায় বিমানপথে ও নৌপথে চলাচল বিঘ্নিত

ঘন কুয়াশার কারণে প্রায় এক ঘন্টা বন্ধ থাকার পর দুপুর একটা থেকে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সব রুটে বিমান চলাচল আবারও শুরু হয়েছে। কুয়াশার কারণে দৃষ্টিসীমা কমে এলে ভোর ৪টা থেকে সব ধরনের ফ্লাইট ওঠা নামা বন্ধ করে দেয়া হয়। এই সময় নির্ধারিত ফ্লাইটগুলো সিলেট এবং কোলকাতায় জরুরী অবতরণ করে। একই কারণে দেশের নৌবন্দরগুলোতে ফেরি চলাচল বন্ধ ছিল। পদ্মা নদীর দৌলতদিয়া-পাটুরিয়া নৌরুটে ৮ ঘন্টার পর সকাল ১০টা থেকে ফেরি চলাচল স্বাভাবিক হয়। আর শিমুলিয়া-কাঠালবাড়ী রুটেও সাড়ে ৭ ঘন্টা পর প্রায় একই সময়ে স্বাভাবিক হয় ফেরি চলাচল। (রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

সিরাজগঞ্জে বাস চাপায় একজন নিহত

সিরাজগঞ্জের বেলকুচিতে সকালে বাস চাপায় চৈতি খাতুন নামে এক কলেজ ছাত্রী নিহত হয়েছেন। সকাল ৯টার দিকে সিরাজগঞ্জ এনায়েতপুর আঞ্চলিক সড়কের চালা বাসস্ট্যান্ড এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত চৈতি খাতুন বেলকুচি উপজেলার তামাই দক্ষিণপাড়া গ্রামের শাহীন শেখের মেয়ে এবং বেলকুচি ডিগ্রী কলেজের একাদশ শ্রেণীর প্রথম বর্ষের ছাত্রী। বেলকুচি থানার এএসআই আবুল কালাম আজাদ জানান, কোচিং সেন্টারে পড়া শেষে বাড়ী ফিরছিলেন চৈতি খাতুন।
(রে. টুডেঃ ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

আকাইদুল্লাহ নিজেকে নির্দোষ বলে দাবি করছে

নিউইয়র্কে গত ডিসেম্বরে পাতাল পথে বোমা বিস্ফোরণের ঘটনায় গ্রেফতার বাংলাদেশি যুবক আকাইদুল্লাহ আদালতে নিজেকে নির্দোষ বলে দাবি করেছেন। স্থানীয় সময় বৃহস্পতিবার নিউইয়র্কের মানহাটনের আদালতে শুনানীতে তিনি এই দাবি করেন। এর আগেরদিন বুধবার একজন ব্র্যান্ড জুরি আকাইদুল্লাহর বিরুদ্ধে ঐ হামলার ঘটনায় অভিযোগ গঠন করেছিলেন। বিদেশী সন্ত্রাসী সংগঠনকে সহায়তা, ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র ব্যবহার এবং গণপরিবহন ব্যবস্থায় সন্ত্রাসী হামলা চালানোর অভিযোগ আনা হয়েছে বাংলাদেশি এই যুবকের বিরুদ্ধে। অভিযোগ প্রমাণীত হলে যাবজ্জীবন কারাদন্ড হতে পারে আকাইদের।

১৭২ জন বাংলাদেশিকে আটক করেছে মালয়েশিয়ার অভিবাসন বিভাগ

মানব পাচার ও অবৈধভাবে বসবাসের অভিযোগে চক্রের হোতা আবদুর রউফ সহ ১৭২ বাংলাদেশিকে আটক করেছে মালয়েশিয়ার অভিবাসন বিভাগ। এর মধ্যে গত বুধ এবং বৃহস্পতিবার মালয়েশিয়া সেকশন-২৮ শাহ আলম এলাকা থেকে ৫১ জন এবং সুজবজয়তী এলাকা থেকে ১২১ জনকে আটক করা হয়। শাহ আলম এলাকা থেকে আটক মানব পাচার চক্রের ৫১ জনের কাছ থেকে ৪৮টি পাসপোর্ট এবং ১৩ হাজার রিংগিটও উদ্ধার করা হয়। মালয়েশিয়ান অভিবাসন বিভাগের মহাপরিচালক ঘাতক সেলিম মোস্তফা এক সাংবাদিক সম্মেলনে আরো জানিয়েছেন, পাচারকারীরা প্রত্যেকের কাছ থেকে বাংলাদেশি টাকায় তিন লাখ ১৪ হাজার টাকা করে নেয়। (রে. টুডে: ১৩:৪৫ ঘঃ ১৩/০১/১৮ প্রতীক/ কোহিনূর)

আধুনিকতার চাপে যেন বাংলা ভাষা হারিয়ে না যায়: প্রধানমন্ত্রী

প্রযুক্তি ও আধুনিকতার চাপে যেন মাতৃভাষা হারিয়ে না যায় সেদিকে সজাগ থাকতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিকেলে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক বাংলা সাহিত্য সম্মেলন-১৪২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। আগামী ১৫ই জানুয়ারি পর্যন্ত বাংলা একাডেমিতে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।
(রে. টুডে: ১৮:৪৫ ঘঃ ১৩/০১/১৮ আছাদ/ কোহিনূর)

জাতির উদ্দেশ্যে দেওয়া প্রধানমন্ত্রীর ভাষণ দেশকে অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে: মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন জাতির উদ্দেশ্যে দেওয়া প্রধানমন্ত্রীর ভাষণ দেশকে আবারো অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে। জাতির উদ্দেশ্যে দেওয়া প্রধানমন্ত্রীর ভাষণের আনুষ্ঠানিক প্রতিক্রিয়ায় তিনি আত্ম-অহংকার বাদ দিয়ে সব বিরোধী দলের রাজনৈতিক দলের সাথে সংলাপ করে একটি গ্রহণযোগ্য নির্বাচনের উদ্যোগ নিতে প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানান। (রে. টুডে: ১৮:৪৫ ঘঃ ১৩/০১/১৮ আছাদ/ কোহিনূর)

আগামী নির্বাচন নিয়ে সংলাপের কোন প্রয়োজন নেই: ওবায়দুল কাদের

আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রীর ভাষণ আগামী নির্বাচন নয়, আগামী প্রজন্মের জন্য দিক নির্দেশনামূলক ভাষণ। একই সাথে ইসির অধীনে নির্বাচন হবে জানিয়ে তিনি বলেন, এ নিয়ে সংলাপে বসার কোন প্রয়োজন নেই। বিকেলে ধানমন্ডিতে আওয়ামীলীগ সভানেত্রীর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি এসব কথা বলেন।
(রে. টুডে: ১৮:৪৫ ঘঃ ১৩/০১/১৮ আছাদ/ কোহিনূর)

ডিএনসিসি'র উপ-নির্বাচনে মেয়র পদে আওয়ামীলীগের মনোনয়নপত্র কিনলেন ব্যবসায়ী আতিকুল ইসলাম

ডিএনসিসির উপ-নির্বাচনে মেয়র পদে ব্যবসায়ী নেতা আতিকুল ইসলাম আওয়ামীলীগের মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। বিকেলে ধানমন্ডিতে আওয়ামীলীগ সভানেত্রীর কার্যালয় থেকে তার প্রতিনিধি জাহাঙ্গীর হোসেন যুবরাজ নগদ ২৫০০ টাকার বিনিময়ে মনোনয়নপত্র কিনেন। নৌকা প্রতীকে দলের মনোনয়ন প্রত্যাশীদের মধ্যে আজ থেকে মনোনয়ন ফরম বিতরণ শুরু করে ক্ষমতাসীন আওয়ামীলীগ। আতিকুল ইসলাম ছাড়াও আজ মনোনয়ন ফরম কিনেছেন ব্যবসায়ী আদম তমিজি হক ও মনিপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফরহাদ হোসেন ও রাসেল কাসিমী।
(রে. টুডে: ১৮:৪৫ ঘঃ ১৩/০১/১৮ আছাদ/ কোহিনূর)

২১ কোটি টাকা মূল্যমানের ইয়াবা জব্দ করেছে কোস্ট গার্ড

টেকনাফের সেন্টমার্টিনের অদূরে বঙ্গোপসাগরে কোস্ট গার্ড সদস্যরা অভিযান চালিয়ে ২১ কোটি টাকা মূল্যমানের চার লাখ বিশ হাজার পিচ ইয়াবা ও ইঞ্জিনচালিত নৌকা জব্দ করেছে। আজ দুপুরে সাংবাদিক সম্মেলনে টেকনাফ কোস্টগার্ড স্টেশন কমান্ডার ল্যাফটেন্যান্ট জাফর ইমাম সজীব জানান গভীর রাতে মিয়ানমার হতে ইয়াবা চালনা আসার গোপন সংবাদ পেয়ে কোস্ট গার্ড টহল দলের সদস্যরা সেন্টমার্টিনের অদূরে বঙ্গোপসাগরে তাদের ধাওয়া করলে ইঞ্জিন চালিত নৌকা রেখে চোরাকারবারীরা পালিয়ে যায়। পরে কোস্টগার্ড নৌকা এবং নৌকায় থাকা পলিথিনে মোড়ানো ৫টি বস্তা হতে ৪ লাখ ২০ হাজার পিচ ইয়াবা উদ্ধার করে।
(রে. টুডে: ১৮:৪৫ ঘঃ ১৩/০১/১৮ আছাদ/ কোহিনূর)

ডিএনসিসি নির্বাচন: মনোনয়ন চলছে আওয়ামী লীগের, আজ ফরম ছাড়বে বিএনপি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র পদে উপ-নির্বাচনে ব্যবসায়ী নেতা আতিকুল ইসলাম ও সাবেক সংসদ সদস্য ডাঃ এইচ.বি.এম ইকবালসহ আটজন আওয়ামী লীগের মনোনয়ন পত্র সংগ্রহ করেছেন। রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয় থেকে সম্ভাব্য প্রার্থীরা আগামীকাল পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ এবং জমা দিতে পারবেন। এছাড়া ঢাকা উত্তরের মেয়র প্রার্থী চূড়ান্ত করতে না পারায় আজ মনোনয়ন ফরম ছাড়বে বিএনপি। রাজধানীর নয়া পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয় থেকে ১০ হাজার টাকার বিনিময়ে বিকাল চারটা পর্যন্ত মনোনয়ন ফরম সংগ্রহ করতে পারবেন মনোনয়ন প্রত্যাশীরা। আর আগামীকাল বিকাল চারটার মধ্যে ২৫ হাজার টাকার জামানতসহ আবেদন ফরম জমা দিতে হবে। গতরাতে বিএনপি চেয়ারপার্সনের গুলশান কার্যালয় স্থায়ী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত হয় বলে সাংবাদিকদের জানিয়েছেন দলের মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর। (রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০১/১৮ এলিনা/হেলাল)

আখেরী মোনাজাতের মাধ্যমে আজ শেষ হচ্ছে তাবলীগ জামাতের ৫৩-তম বিশ্ব ইজতেমার প্রথম পর্ব

আখেরি মোনাজাতের মাধ্যমে আজ শেষ হচ্ছে তাবলিগ জামায়াতের ৫৩-তম বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। এবার প্রথমবারের মতো বাংলায় আখেরী মোনাজাত পরিচালিত করবেন কাকরাইল মসজিদের মুরুব্বী মাওলানা হাফেজ মোহাম্মদ জোবায়ের। টঙ্গীর তুরাগের বিশ্ব ইজতেমার দ্বিতীয় ও শেষ পর্ব অনুষ্ঠিত হবে আগামী ১৯ থেকে ২১শে জানুয়ারি।
(রে. টুডে: ০৮:৪৫ ঘ. ১৪/০১/১৮ কবির/হেলাল)

রাজধানীর ঢাকাসহ দেশজুড়ে মৃদু থেকে মাঝারী শৈত্য প্রবাহ অব্যাহত রয়েছে

রাজধানীর ঢাকাসহ দেশজুড়ে মৃদু থেকে মাঝারী শৈত্য প্রবাহ অব্যাহত রয়েছে। কনকনে শীতের পাশাপাশি কুয়াশার চাদরে ঢাকা রয়েছে দেশের বিভিন্ন এলাকা। ঢাকা আবহাওয়া অফিস জানিয়েছে, আজ দেশে সর্বনিম্ন ৬.৮ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যশোরে। এদিকে, ঘন কুয়াশার কারণে পদ্মা নদীর দৌলদিয়া-পাটুরিয়া রুটে আজ ভোর চারটা থেকে এবং শিমুলিয়া-কাঠালবাড়ী রুটে সকাল ছয়টা থেকে ফেরি চলাচল বন্ধ রয়েছে। মাঝ পদ্মায় নোঙ্গর করেছে নয়টি ফেরি। পাশাপাশি দীর্ঘ সময় ফেরি চলাচল বন্ধ থাকায় দুই নৌ রুটে পারাপারের অপেক্ষায় রয়েছে কয়েকশো যানবাহন। কনকনে শীতে চরম ভোগান্তিতে পড়েছেন যাত্রী ও চালকেরা। (রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০১/১৮ কবির/হেলাল)

:: সমাপ্ত ::